

الْكَرِيمِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৪৩ তম নাম ‘الْكَرِيمِ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْكَرِيمِ’ শব্দের মূল ك - ر - م, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪৭ বার এসেছে। উদার, উন্নত চরিত্র, মহৎ, সম্মান, সম্মানিত ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْكَرِيمِ অর্থ: ‘তিনি মহাসম্মানিত’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

সুলাইমান (আ:) বললেন: রানী বশ্যতা স্বীকার করে এখানে পৌছার আগেই কে তার সিংহাসনটি এখানে নিয়ে আসতে পারবে। শক্তিশালী জিন বলল: আপনি এখান থেকে ওঠার আগেই নিয়ে আসবো। কিতাবের জ্ঞানে সমৃদ্ধ এক ব্যক্তি (মানুষ) বললো আপনি চোখের পলক ফেলার আগেই নিয়ে আসছি। তখন সুলাইমান (আ:) বলেছিলেন: আল্লাহ দেখতে চান কে কৃতজ্ঞ, আর কে অকৃতজ্ঞ। তারপর বলা হচ্ছে:

﴿ ٤٠ ﴾ وَمَنْ شَكَرَ فَإِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهِ وَمَنْ كَفَرَ فَإِنَّ رَبِّي غَنِيٌّ كَرِيمٌ

আর যে কেউ শোকর আদায় করে সে নিজের কল্যাণেই শোকর আদায় করে। আর যে কেউ অকৃতজ্ঞ হয়, সে জেনে রাখুক, আমার প্রভু মুখাপেক্ষীহীন, মহাসম্মানিত। (সূরা আন নামল: আয়াত নং ৪০)

﴿ ٦ ﴾ يَا أَيُّهَا الْإِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيمِ

হে মানুষ! কোন জিনিস তোমাকে ধোঁকায় ফেলে রেখেছে তোমার মহান প্রভুর ব্যাপারে। (সূরা ইনফিতার: আয়াত নং ৬)

সর্বপ্রথম যে পাঁচটি আয়াত রাসূল সা: এর উপর ওহী নাযিল হয়, তার তৃতীয় আয়াত -

﴿ ٣ ﴾ أَقْرَأُ وَرَبُّكَ الْأَكْرَمُ

পড়ো, তোমার প্রভু অতিশয় মহিমান্বিত। (সূরা আল আলাক: আয়াত নং ৩)

তিরমিজী শরীফের হাদিস :

তোমার অধিকারভুক্ত (সম্পদ, দাস-দাসী, পরিবারবর্গ), সময় এবং মুখের কথা সম্পর্কে উদার হও। রাসূল সা: আরো বলেছেন: যে উদার সে আল্লাহর নিকটবর্তী, মানুষের নিকটবর্তী, (দোযখের) আগুন থেকে দূরে; বখিল ব্যক্তি আল্লাহ থেকে দূরে, মানুষ থেকে দূরে, বেহেশত থেকে দূরে এবং উদার অজ্ঞ ব্যক্তি আল্লাহর কাছে প্রিয় ওই ব্যক্তির তুলনায় যে বখিল ইবাদতকারী।

আসুন, আমরা উদার, উন্নত চরিত্র ও মহৎ হওয়ার চেষ্টা করি এবং আল্লাহর কাছে দোয়া করি- হে আল্লাহ আমাদেরকে উদার, উন্নত চরিত্র ও মহৎ মানুষ হওয়ার তৌফিক দান কর।

মহাসম্মানিত, অতিশয় মহিমান্বিত আল্লাহর সাথে আমরা কাউকে শরিক না করি। কারণ আল্লাহ শিরকের গুনাহ মাফ করবেন না। আল্লাহ আমাদের দোয়া কবুল করুন এবং আমাদেরকে সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।